চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৭ জুলাই ২০২২ খ্রি.

৬ষ্ঠ নির্বাচিত পরিষদের সাধারণ সভায় মেয়র

## কোরবানির পশুর বর্জ্য নির্ধারিত সময়ের পূর্ব অপসারণ করায় সর্বমহল থেকে চসিক অভিনন্দিত হয়েছে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, আগামী শুস্ক মৌসুমের পূর্বে নগরীর রাস্তা-ঘাট ও ফুটপাত মেরামত কাজ একযোগে শুরু করা হবে। চলমান বারাইপাড়া খাল খনন প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য প্রকৌশলীদের নির্দেশনা প্রদান করেন এবং ২ হাজার ৫শত কোটি টাকার প্রকল্পের কাজ সরেজমিনে পরিদর্শন করে স্টিমেট তৈরী করার নির্দেশ দেন। কোনভাবেই কাজের পুনঃমূল্যায়নের সুযোগ নেই। এ বিষয়ে সরকারের উচ্চ পর্যায়ে বারবার তাগাদা দেয়া হচ্ছে এবং কাজের অগ্রগতি নিয়ে অসন্তোষ প্রকাশ করছে। তিনি বলেন, গত কোরবানির পশুর বর্জ্য নির্ধারিত সময়ের পূর্ব অপসারণ করায় সর্বমহল থেকে চসিক অভিনন্দিত হয়েছে। অনুরূপ প্রকৌশল বিভাগের চলমান প্রকল্পগুলো যথাসময়ে বাস্তিবায়িত হলে নগরীর উন্নয়ন যেমন দৃশ্যমান হবে তথাপি আমরা প্রশংসিত হবো। আজ বুধবার দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পুরাতন নগর ভবনের কে বি আবদুচ সাত্তার মিলনায়তনে ৬ষ্ঠ নির্বাচিত পরিষেদের ১৮তম সাধারণ সভায় সভাপতির বক্তব্যে তিনি একথা বলেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. শহীদুল আলমের সঞ্চালনায় এতে বক্তব্য রাখেন প্যানেল মেয়র, ওয়ার্ড কাউন্সিলর, সংরক্ষিত কাউন্সিলর, সচিব, প্রধান প্রকৌশলীসহ বিভাগীয় ও শাখা প্রধানগণ উপস্থিত ছিলেন।

মেয়র আরো বলেন, বৈশ্বিক মহামারি ও ইউক্রেন রাশিয়ার যুদ্ধের কারণে বিশ্ব অর্থনীতিতে মন্দাভাব চলছে। এই পরিস্থিতিতে সরকারি মিতব্যয়ী হওয়ার নির্দেশনা বাস্তবায়নে সিটি কর্পোরেশন পরিচালনায় মিতব্যায়ী হতে হবে। চসিকের সরঞ্জাম ক্রয়ের ব্যাপারে আগাম চাহিদা গ্রহণ করে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হবে এবং যান্ত্রিক বিভাগের যানবাহনগুলো আউট সোর্সিংয়ের মাধ্যমে মেরামত করা হবে।

তিনি রাজস্ব বিভাগের আয় বৃদ্ধির উপর গুরুত্বারোপ করে বলেন, পৌরকর আদায়ে অসঙ্গতিগুলো চিহ্নিত করে আপিলের মাধ্যমে নিস্পত্তি করে আয় বৃদ্ধি করার নির্দেশনা দেন। এছাড়াও কর্পোশেনের মালিকানাধীন পকেট ল্যান্ডগুলোতে অস্থায়ী স্থাপনা নির্মাণ করে ভাড়া আদায়ে ব্যবস্থা নিয়ে আয়ের পরিধি বৃদ্ধির কথা উল্লেখ করেন। এছাড়া পরিচ্ছন্ন বিভাগের কাজের গতিশীলতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় সরঞ্জাম ও ৪১টি ওয়ার্ডে অলিগলির আবর্জনা অপসারণের সুবিধার্থে টমটম গাড়ি ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

মেয়র বলেন, চট্টগ্রাম ওয়াসা কর্তৃক রাস্তা কর্তণের হালনাগাদ প্রত্যয়ন পত্র না থাকলে রাস্তা কাটা যাবে না। হালনাগাদ প্রত্যয়ন পত্র ব্যতিত রাস্তা কর্তণ করলে সংশ্লিষ্ট ঠিকাদারের মালামাল জব্দসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি আগামী ১৫ আগস্ট জাতীয় শোক দিবসের কমর্সূচি সফলভাবে বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন।

এছাড়া বিগত সভার সিদ্ধান্ত, স্থায়ী কমিটির বিভিন্ন বিষয়, জলাবদ্ধতা নিয়ন্ত্রণ, ডেঙ্গুর প্রকোপ কমানোসহ কার্যবিবরণী পাঠ ও অনুমোদন দেয়া হয়।

নগর বাইশ মহল্লা সর্দার কমিটির স্মারক লিপি গ্রহণকালে মেয়র

## নগরবাসীকে গৃহকর নিয়ে বিভ্রান্ত না হওয়ার আহ্বান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, সম্প্রতি গৃহকর নিয়ে বিভ্রান্তি ছাড়ানো হচ্ছে, তা সম্পূর্ণ ভাবে ভিত্তিহীন। তিনি নগরবাসীকে গৃহকর নিয়ে কোন ধরণের অপপ্রচারে বিভ্রান্ত না হওয়া আহ্বান জানিয়ে বলেন,

অতিরিক্ত কোন করের বোঝা নগরবাসির উপর চাপানোর প্রশ্নই আসে না। পূর্বের বকেয়া কর হালনাগাদ করে ২০১৭ সালের মূল্যায়নের উপর যে অসংগতি রয়েছে তা নিস্পতির জন্য আপিল করার অনুরোধ জানান। আপিল বোর্ডের সিদ্ধান্ত যদি কোন করদাতার কাছে সন্তোষজনক মনে না হয়। সেক্ষেত্রে সরাসরি মেয়র বরাবরে আবেদন জানানোর আহ্বান জানানো হয়। আজ বুধবার সকালে চসিক মেয়রের অফিস কক্ষে নগর বাইশ মহল্লা সর্দ্দার কমিটি নেতৃবৃন্দ স্মারকলিপি প্রদানকালে তিনি একথা বলেন।

এসময় উপস্থিত ছিলেন বাইশ মহল্লা সর্দার কমিটির সভাপতি মো. ইউসুফ সরদার্র, সাধারণ সম্পাদক মাকসুদ আহম্মদ সর্দার, আলহাজ্ব শওকত হোসেন, মো. আলী বক্স, মো. সালাহ উদ্দিন , সূফী জাবেদ হোসেন, মো. সাহাবুদীন, শাহেদ হোসেন, মো. তারেক প্রমুখ।

সে সময় মেয়র আরো বলেন, গৃহকর নিয়ে একটি মহল চক্রান্তে লিপ্ত, তারা সিটি কর্পোরেশনকে নগরবাসির মুখোমুখি দাঁড় করানোর অপচেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি এব্যাপারে পুন উল্লেখ করে বলেন, কর বৃদ্ধির কোন অবকাশ নেই। শুধুমাত্র করের আওতা বৃদ্ধি করা হবে। আপীল বোর্ডে নিস্পত্তি হওয়া বিষয়টি সন্তোষজনক মনে না হলে তা মহল্লা সর্দার কমিটিকে অবগত করে সন্তোষজনক পর্য্যায়ে আনার ব্যাপারে অভিমত ব্যক্ত করেন। তিনি বাইশ মহল্লার সর্দার কমিটির নেতৃবৃন্দকে প্রত্যেক এলাকায় কর আদাকারী সার্কেল অফিসে গিয়ে আপীল করার ব্যাপারে প্রয়াস চালাতে অনুরোধ জানান।

বাইশ মহল্লার সর্দ্দার কমিটির সভাপতি মো. ইউসুফ সরদার্র মেয়রের সাথে আলোচনা ফলপ্রসু হয়েছে উল্লেখ করে বলেন, নগরবাসির উপর কোন ধরণের অতিরিক্ত কর ধার্য্য করা হবে না। আমরা মেয়রের আশ্বাসকে বাস্তবে প্রতিফলিত হবে বলে আশাবাদ ব্যক্ত করি। তিনি নগরবাসিরকে পূর্বেকার বকেয়া কর পরিশোধ করে অসঙ্গতিপূর্ণ কর মূল্যায়নের উপর আপিল করার জন্য নগরবাসির প্রতি আহবান জানান। এবং আপিলের সম্মুখীন হওয়ার পর কোন অসঙ্গতি থাকলে নগরবাইশ মহল্লার সর্দ্দার কমিটির সাথে যোগাযোগ করার জন্যও অনুরোধ জানান।

চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের গভর্ণিং বডির সভায় মেয়র

## শিক্ষার সাথে সাহিত্য ও সংস্কৃতি চর্চ্চার ক্ষেত্র না রাখা গেলে উপর্যুক্ত শিক্ষা থেকে শিক্ষার্থীরা বঞ্চিত হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, একজন শিক্ষার্থীর জীবনে নৈতিক শিক্ষার প্রভাব খুবই সহায়ক ভুমিকা পালন করে। শিক্ষার্থীরা যাতে বিপদগামী না হয়, ভালো আর মন্দের পার্থক্য বুঝতে পারে এবং ভবিষ্যৎ সুনাগরিক হিসেবে তৈরী হতে পারে সেজন্য নৈতিক শিক্ষা প্রদানের পথ প্রদর্শক হিসেবে শিক্ষকদের কার্যকর ভুমিকা রাখতে হবে। তিনি বলেন, শিক্ষার সাথে সাহিত্য ও সংস্কৃতি চর্চ্চার ক্ষেত্র না রাখা গেলে উপর্যুক্ত শিক্ষা থেকে শিক্ষার্থীরা বঞ্চিত হবে। আজ বুধবার সকালে নগর ভবনের সম্মেলন কক্ষে চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের এক গভর্ণিং বডির সভায় সভাপতির বক্তব্যে তিনি একথা বলেন।

চসিক প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহারের সঞ্চালনায় এতে বক্তব্য রাখেন কাউন্সিলর লায়ন মো. ইলিয়াস, নুর মোস্তাফা টিনু, সংরক্ষিত কাউন্সিলর রুমকী সেনগুপ্ত, শিক্ষা কর্মকর্তা উজালা রানী চাকমা, পাথরঘাটা সিটি কর্পোরেশন কলেজের অধ্যক্ষ ফরহাদুর রহমান চৌধুরী, কায়সার নিলুফার কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ওমর ফারুক, আয়ুব বিবি স্কুল ও কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাহফুজুর রহমান, কাপাসগোলা বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আলাউদ্দিন, হাজী আব্দুল আলী স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আলম হোসেন, গুলএজার বেগম স্কুলের শিক্ষক মো. সাইফুল্লাহ, হালিশহর মহবত আলী স্কুলের প্রধান শিক্ষক আমির হোসাইন, ফিরোজ শাহ স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সাইফুল ইসলাম, পূর্ব বাকলিয়া স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নাসিমা ইয়াছমিন প্রমুখ।

মেয়র আরো বলেন, সমাজে শিক্ষকের মর্যাদা অনেক উপরে তাই এই পেশার মর্যাদার অক্ষন্ন রাখতে প্রতিষ্ঠান প্রধান, শিক্ষক ও অভিভাবকদের সমন্বয়ে শিক্ষার মান উন্নয়নে আন্তরিকতার সঙ্গে কাজ করতে হবে। তিনি বলেন চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ফলাফলের দিক থেকে পাসের হার বেশি হলেও মানের দিক থেকে পিছিয়ে আছে। শিক্ষকরা যদি তাদের দায়িত্বের প্রতি অনুগত থেকে নিষ্ঠার সাথে কাজ করেন তা হলে শিক্ষার্থীরা উপকৃত হবে। শিক্ষকরাই পারে শিক্ষার্থীদের কাউন্সিলিং করে সঠিক গাইড লাইনের মাধ্যমে তাদের সুন্দর ভবিষ্যৎ গড়ে তুলতে। মেয়র বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন একটি সেবা মুলক প্রতিষ্ঠান। নগরবাসির কাছ থেকে কর নিয়ে এই সেবা প্রদান করা হয়। শিক্ষা ও স্বাস্থ্য সেবা সিটি কর্পোরেশনের দায়িত্বের বাহিরে তারপরও নগরবাসির মাঝে শিক্ষার আলো ছড়ানোর মহৎ উদ্দেশ্য নিয়ে চসিক শিক্ষা ও স্বাস্থ্য সেবা পরিচালনা করে আসছে। এই সেবা খাতে বছরে পঞ্চাশ কোটি টাকার ভূর্তুকি দিতে হয়। কারণ নগরবাসির

সন্তানগণ যাতে শিক্ষার আলো থেকে বঞ্চিত না হয়। তিনি চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে সঠিক ব্যবস্থাপনার মাধ্যমে পরিচালনা করে আগামী প্রজন্মকে সুনাগরিক হিসেবে তৈরী করার দায়িত্ব নেয়ার আহবান জানান।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

## ফুটপাত দখল করে ব্যবসা করার অপরাধে
## ৪০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর আরাকান সড়কের পুরাতন চান্দগাঁও থেকে কাজীরহাট পর্যন্ত ফুটপাত দখল করে ব্যবসা প্রতিষ্ঠানের মালামাল রেখে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির অপরাধে ১০ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৪০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।
অপর এক অভিযানে স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অভিযান পশ্চিম মাদারবাড়ী ওয়ার্ডে খাল, নালা নর্দমা ও বাসা বাড়ীর আঙ্গিনায় মশার ঔষধ ছিটানো কার্যক্রম তদারকি করা হয় এবং বাড়ীর আঙ্গিনায়, বিভিন্ন ভবনের ছাদে ও নির্মানাধীন ভবনের নীচতলায়, ভবনের ছাদ বা ছাদ বাগানের যাতে বৃষ্টির পানি জমা না থাকে সে বিষয়ে সকলকে সতর্ক থাকার জন্য অনুরোধ জানানো হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ  ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

**স্বাক্ষরিত/-**
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩